রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২৯, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধান উপদেষ্টার কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩২/২৩ জুলাই ২০২৫

নং **০৩.০০.২৬৯০.০০০.০৮১.১৪.০০০১.২৫.১০২**—বাংলাদেশের নদী-নালা, খাল-বিল, ঝিল-জলাশয় ও জলাধারসমূহের সুরক্ষায় প্রয়োজনীয় নীতি-কৌশল নির্ধারণ ও পরামর্শ প্রদানের জন্য নিম্নোক্তভাবে 'কারিগরি ও সমন্বয় কমিটি' পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ০১ | প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | - সভাপতি |
| ০২ | সচিব, জননিরাপত্তা বিভাগ | - সদস্য |
| ০৩ | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | - সদস্য |
| ০৪ | সচিব, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| ০৫ | সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় | - সদস্য |
| ০৬ | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | - সদস্য |
| ০৭ | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | - সদস্য |
| ০৮ | সচিব, অর্থ বিভাগ | - সদস্য |
| ০৯ | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - সদস্য |
| ১০ | সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য |
| ১১ | সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| ১২ | সচিব, পরিকল্পনা বিভাগ | - সদস্য |
| ১৩ | সচিব, শিল্প মন্ত্রণালয় | - সদস্য |



**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১৪ | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | - সদস্য |
| ১৫ | সদস্য (সাধারণ অর্থনীতি বিভাগ), পরিকল্পনা কমিশন | - সদস্য |
| ১৬ | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) | - সদস্য |
| ১৭ | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | - সদস্য |
| ১৮ | মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | - সদস্য |
| ১৯-২২ | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/নারায়ণগঞ্জ/গাজীপুর সিটি কর্পোরেশন | - সদস্য |
| ২৩ | প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | - সদস্য |
| ২৪ | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | - সদস্য |
| ২৫ | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | - সদস্য |
| ২৬ | চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) | - সদস্য |
| ২৭-২৮ | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা | - সদস্য |
| ২৯ | নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) | - সদস্য |
| ৩০ | নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আইডব্লিউএম) | - সদস্য |
| ৩১-৩৪ | মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক জাতীয় কাউন্সিলের সদস্য হিসেবে মনোনীত ৪ জন বিশেষজ্ঞ | - সদস্য |
| ৩৫ | মহাপরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয় | - সদস্য সচিব |

* সদস্যগণের ক্রম জ্যেষ্ঠতাভিত্তিক নয়।

কমিটির কার্যপরিধি :

১. কারিগরি ও সমন্বয় কমিটি বিবেচ্য বিষয়ে :

ক. আন্তঃমন্ত্রণালয় সমন্বয় সাধন করবে;

খ. জাতীয় কাউন্সিল কর্তৃক নির্ধারিত নীতি-কৌশল, নির্দেশনা ও পরামর্শ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

গ. সমন্বিত বিনিয়োগ কর্মসূচি ও তৎসংশ্লিষ্ট পরিকল্পনার আওতায় যেকোনো মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীতব্য প্রকল্প বাছাই ও চিহ্নিতকরণসহ প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থায়নের উৎস নির্ধারণ করবে। বাছাইকৃত প্রকল্প সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে এ কমিটি প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে;

ঘ. প্রজেক্ট প্রিপারেশন ফ্যাসিলিটিজ (পিপিএফ) গঠন পরিচালনার দায়িত্ব পালন করবে;

ঙ. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত প্রকল্প/প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, মনিটরিং ও মূল্যায়ন করবে;

চ. মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে প্রযোজ্য ক্ষেত্রে যেকোনো ব্যক্তিকে এ কমিটিতে অন্তর্ভুক্ত করে যেকোনো দায়িত্ব প্রদানসহ কমিটি পুনর্গঠন, দায়িত্ব পুনর্বন্টন ও কার্যপরিধি পুনর্বিন্যাস করা যাবে;

ছ. এ কমিটির সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কমিটিতে কো-অপ্ট করা যাবে এবং প্রয়োজনে যেকোনো ব্যক্তিকে কমিটির সভায় আমন্ত্রণ জানানো যাবে;

জ. প্রধান উপদেষ্টার কার্যালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২. কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হবে না বা তৎসম্পর্কে কোনো প্রশ্ন উত্থাপন করা যাবে না।

৩. সরকার যে কোনো সময়, কমিটি সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

৪. এ সংক্রান্ত ইতঃপূর্বে ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ০৩.০৪২.২৬৯০.০৮১. ০৪৬. ০০৬. ২০২০(অংশ-২)-১২ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন বাতিল করা হলো।

৫. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী**
মহাপরিচালক (প্রশাসন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd